

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স-৪৫৩৫(আগরতলা-১২।০৩)

ধর্মনগর, ১২ মার্চ, ২০১৯

লোকসভার নির্বাচন সুষ্ঠুভাবে  
সম্পন্ন করতে উত্তর জেলায় সভা

লোকসভা নির্বাচন সুষ্ঠুভাবে সম্পন্ন করতে উত্তর ত্রিপুরা জেলাশাসকের কার্যালয়ের সভাকক্ষে গতকাল এক সভা অনুষ্ঠিত হয়। জেলাশাসক তথা ডিস্ট্রিক্ট ইলেকশন অফিসারের কার্যালয়ে আয়োজিত এই সভায় উপস্থিত ছিলেন জেলাশাসক তথা ডিস্ট্রিক্ট ইলেকশন অফিসার রাভাল হেমেন্দ্র কুমার, অতিরিক্ত জেলাশাসক ও সমাহর্তা নগেন্দ্র দেববর্মা, ডি আর ডি এ প্রজেক্ট ডিরেক্টর তমাল মজুমদার, ডি সি জয়ন্ত দে এবং সুভাষ দত্ত, ধর্মনগর মহকুমার মহকুমা শাসক সুরত দাস, বিভিন্ন রাজনৈতিক দলের প্রতিনিধি, বিভিন্ন দপ্তরের আধিকারিক এবং প্রচার মাধ্যমের প্রতিনিধিগণ। সভার শুরুতে ডিস্ট্রিক্ট ইলেকশন অফিসার রাভাল হেমেন্দ্র কুমার নির্বাচনী আচরণবিধি ও নির্বাচন কমিশনের বিভিন্ন নির্দেশিকা সম্পর্কে সভায় সকলকে অবহিত করেন এবং এই সকল আচরণবিধি মেনে চলার নির্দেশ দেন। লোকসভা নির্বাচনের সময়ে মিটিং, মিছিল, জনসভা, পথসভা ইত্যাদি করার ক্ষেত্রে সংশ্লিষ্ট দপ্তর থেকে আগাম অনুমতি নেওয়া বাধ্যতামূলক বলে উল্লেখ করেন। এক্ষেত্রে অনলাইনে সুযোগ গ্রহণের বিষয় সম্পর্কে তিনি আলোচনা করেন। নির্বাচন ঘোষণার দিন থেকেই নির্বাচনী আচরণবিধি লাগু হয়েছে বলে তিনি উল্লেখ করেন। তিনি জানান, লোকসভা নির্বাচনে ভোটারদের বৈদ্যুতিন ভোটযন্ত্রে ভোটদান প্রক্রিয়া সম্পর্কে অবহিত করতে জেলার সর্বত্র বৈদ্যুতিন ভোটযন্ত্রের এবং ভি ভি প্যাট প্রদর্শনের কাজ চলছে। পোস্টার, ফ্ল্যাগ, ফেস্টুন ইত্যাদি লাগানোর ক্ষেত্রে নির্বাচনী আচরণবিধি মেনে চলার উপরও তিনি গুরুত্ব দেন। সভায় আলোচনা করেন উত্তর জেলার অতিরিক্ত জেলাশাসক ও সমাহর্তা নগেন্দ্র দেববর্মা, ডি আর ডি এ-এর প্রজেক্ট ডিরেক্টর তমাল মজুমদার প্রমুখ। এছাড়াও বিভিন্ন রাজনৈতিক দলের প্রতিনিধিগণও আলোচনা করেন এবং নির্বাচনী আচরণবিধি সম্পর্কে অবহিত হন।

\*\*\*\*\*